



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

নম্বর : ৮০.০০.০০০০.১০১.১১.০০১.২৪-২২১

তারিখ : ২১ বৈশাখ ১৪৩২
০৪ মে ২০২৫

বিজ্ঞপ্তি

বিষয় : খাদ্য মন্ত্রণালয়ের নেটওয়ার্ক/ওয়েবসাইট ম্যানেজার (৯ম গ্রেড) পদের লিখিত পরীক্ষা গ্রহণ।

খাদ্য মন্ত্রণালয়ের 'নেটওয়ার্ক/ওয়েবসাইট ম্যানেজার' (৯ম গ্রেড) পদে অনলাইনে আবেদনকারী প্রার্থীদের লিখিত পরীক্ষা নিম্নে উল্লিখিত কেন্দ্রে বর্ণিত তারিখ ও সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে :


| পদের নাম, বিজ্ঞপ্তির তারিখ ও ক্রমিক নম্বর | লিখিত পরীক্ষার তারিখ ও সময় | পরীক্ষার কেন্দ্র | রেজিস্ট্রেশন নম্বর ও প্রার্থী সংখ্যা |
|---|--|--|--------------------------------------|
| নেটওয়ার্ক/ওয়েবসাইট ম্যানেজার (বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর-৪৩ বিজ্ঞপ্তির তারিখ: ৩১.০৩.২০২৪) | ২১.০৫.২০২৫ (বুধবার) বেলা ১২:০০ টা হতে বিকাল ৪:০০ টা পর্যন্ত | ৭১ মিলনায়তন, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ | 000001-800073 = ১৪০ জন |

লিখিত পরীক্ষা সম্পর্কিত জরুরি নির্দেশাবলি:

- লিখিত পরীক্ষার জন্য মনোনীত প্রার্থীদের নতুন করে কোনো প্রবেশপত্র প্রেরণ করা হবে না। অনলাইনে প্রাপ্ত প্রবেশপত্র নিয়ে লিখিত পরীক্ষায় উপস্থিত হতে হবে। প্রবেশপত্র হারিয়ে গেলে/নষ্ট হলে কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd এবং টেলিটক বাংলাদেশ লি. এর ওয়েবসাইট <http://bpsc.teletalk.com.bd> থেকে ডাউনলোড করে সংগ্রহ করতে হবে।
- প্রবেশপত্র ব্যতীত কোনো প্রার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না।
- পরীক্ষার নির্ধারিত সময়ের কমপক্ষে ১৫ মিনিট আগে পরীক্ষার্থীকে আসন গ্রহণ করতে হবে। পরীক্ষা শুরু হওয়ার ১৫ মিনিট পর কোনো প্রার্থীকে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শুরু হওয়ার ২ ঘণ্টার মধ্যে কোনো প্রার্থী পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবেন না।
- প্রার্থীদেরকে বিশেষভাবে সতর্ক করা যাচ্ছে যে, উত্তরপত্রে রেজিস্ট্রেশন নম্বর সঠিকভাবে না লিখলে এবং সঠিকভাবে বৃত্ত পূরণ না করলে অথবা কোনোরূপ কাটাকাটি করলে বা উত্তরপত্রে ফুইড ব্যবহার করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল হবে।
- হাজিরা তালিকায় প্রত্যেক প্রার্থীর রেজিস্ট্রেশন নম্বর এবং নামের পাশে তার ছবি ও প্রবেশপত্রের অনুরূপ স্বাক্ষর মুদ্রিত থাকবে। প্রবেশপত্রের ছবি ও স্বাক্ষরের সঙ্গে হাজিরা তালিকার ছবি ও স্বাক্ষর মিলিয়ে দেখা হবে, মিল না থাকলে উক্ত প্রার্থীকে বহিষ্কার এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ভূয়া পরীক্ষার্থীদের বিরুদ্ধে বিশেষ তল্লাশি অভিযান পরিচালনার ব্যবস্থা করা হবে। পরীক্ষা কেন্দ্রে বই-পুস্তক, ব্যাগ, হাতঘড়ি, পকেট ঘড়ি, ইলেকট্রনিক ঘড়ি, মোবাইল ফোন, ঘড়ি সদৃশ্য মোবাইল ফোন বা কোনোরূপ ইলেকট্রনিক ডিভাইস, গহনা, ক্রেডিট কার্ড, ডেবিট কার্ড ও ব্যাংক কার্ড আনা সম্পূর্ণ নিষিদ্ধ। উল্লিখিত নিষিদ্ধ ঘোষিত সামগ্রী কোনো পরীক্ষার্থীর নিকট পাওয়া গেলে তা বাজেয়াপ্ত করে তার প্রার্থিতা বাতিল করা হবে এবং উক্ত প্রার্থীকে বহিষ্কার করে তার বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০২

৭. প্রতিবন্ধী পরীক্ষার্থীদের মধ্যে যাদের শ্রুতিলেখক প্রয়োজন তাদের ১৩-০৫-২০২৫ তারিখের মধ্যে (অফিস চলাকালীন) শ্রুতিলেখকের জন্য কমিশনের ঢাকাস্থ প্রধান কার্যালয়ের পরিচালক, ইউনিট-১ বরাবর আবেদনপত্র দাখিল করতে হবে। প্রাপ্ত আবেদনপত্র বিবেচনাতে কর্ম কমিশন হতে শ্রুতিলেখক প্রদান করা হবে।
৮. প্রতিবন্ধী পরীক্ষার্থী কর্তৃক কমিশনে দাখিলকৃত আবেদনের পরিপ্রেক্ষিতে কেবল বাংলাদেশ সরকারী কর্ম কমিশন হতে অনুমোদিত শ্রুতিলেখককে ছবি সংবলিত অনুমতিপত্র প্রদান করা হবে। কমিশন হতে ইস্যুকৃত ছবিযুক্ত অনুমতিপত্রসহ শ্রুতিলেখককে সংশ্লিষ্ট প্রতিবন্ধী পরীক্ষার্থীর সাথে পরীক্ষার হলে উপস্থিত হতে হবে।
৯. পরীক্ষার সময় কানের উপর কোনো আবরণ রাখতে পারবেন না; কান খোলা রাখতে হবে। পরীক্ষার হলে কোনো পরীক্ষার্থী গহনা-অলংকার জাতীয় কিছু ব্যবহার করতে পারবেন না। পরীক্ষার হলে ব্যাংক কার্ড/ক্রেডিট কার্ড/ডেবিট কার্ড সদৃশ্য কোনো কিছু বহন করা যাবে না।
১০. পরীক্ষায় সাইনটিফিক ক্যালকুলেটর, প্রোগ্রামেবল ক্যালকুলেটর বা এ জাতীয় কোনো যন্ত্র ব্যবহার করা যাবে না। তবে সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করা যাবে।
১১. পরীক্ষার্থীদের বাংলা-৪০ ইংরেজি-৪০ সাধারণ জ্ঞান-৪০ টেকনিক্যাল-৮০ নম্বরসহ সর্বমোট ২০০ নম্বরের ৪ ঘন্টা সময়ের লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। প্রার্থীকে বাংলা, ইংরেজি, সাধারণ জ্ঞান, টেকনিক্যাল বিষয়ের উত্তর প্রদানের জন্য ভিন্ন ভিন্ন উত্তরপত্র ব্যবহার করতে হবে। একই উত্তরপত্রে একাধিক বিষয়ের উত্তর প্রদান করলে উত্তরপত্র বাতিল হবে।
১২. পরীক্ষা কক্ষে প্রার্থীদেরকে একই সাথে ০৪ টি বিষয়ের জন্য ০৪ টি উত্তরপত্র প্রদান করা হবে। প্রতিটি উত্তরপত্রে বিষয়ের নাম ও বিষয় কোড অবশ্যই লিখতে হবে। পরীক্ষার্থীগণ কেবল উত্তরপত্রের ১ম অংশের প্রয়োজনীয় ঘরগুলো পূরণ করবেন। উত্তরপত্রের ২য় অংশে কোনো কিছু লিখবেন না; লিখলে উত্তরপত্র বাতিল হবে।
১৩. পরীক্ষা শেষ হওয়ার পর পরিদর্শক উত্তরপত্র সংগ্রহ না করা পর্যন্ত পরীক্ষার্থীগণ নিজ নিজ আসনে অবস্থান করবেন। পরিদর্শক বিষয়ভিত্তিক উত্তরপত্র গণনা করে বুকে নেয়ার পর পরীক্ষার্থীগণ পরীক্ষা কক্ষ ত্যাগ করবেন।
১৪. কোনো প্রার্থীর ক্ষেত্রে নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত শর্তের গুরুতর (substantive) ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে কোনো পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।


২-০৪-০৫-২০২৫

দিলোয়েজ দুরদানা

পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)